

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বস্ত্র-১ শাখা
www.motj.gov.bd ;

নং- ২৪.০০.০০০০.১১৫.১১.০০৮.১৪- ৫৪২

Vতারিখঃ ২৯ অগ্রহায়ণ, ৪২২বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ

প্রজ্ঞাপন


বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ০৩/০৮/২০১৫ তারিখের ৮০.১০২.০১১.০০.০০.০৭.২০১৪-২১৫ নং পত্রে সাময়িকভাবে সুপারিশকৃত নিম্নোক্ত ব্যক্তিকে বস্ত্র পরিদপ্তরের আওতায় অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত ২য় শ্রেণি (নন-ক্যাডার) পদে সরাসরি কোটায় পূরণযোগ্য পদে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুসারে ৮০০০-৪৫০৫৭-১১১৫০-ইবি-৪৯০-১৬৫৪০ টাকা বেতনক্রমে অস্থায়ীভাবে ও নিম্নলিখিত শর্ত সাপেক্ষে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রঃ নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং রেজিঃ নং	পদের নাম	স্থায়ী ঠিকানা
০১।	হরশংকর রায় পিতা- কৃষ্ণ কান্ত রায় মাতা-হরমনি রায় রেজিঃ ০১৯৮১৮	জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেকনিক্যাল) রসায়ন	গ্রাম-আওলাখুড়ি, ডাকঘর- গোলাপগঞ্জ, থানা/উপজেলা-বীরগঞ্জ, জেলা-দিনাজপুর।

০২। শর্তাবলীঃ

- (ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ১২/০১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে বস্ত্র পরিদপ্তর, প্রধান কার্যালয়, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন মর্মে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ;
- (খ) বস্ত্র পরিদপ্তরের নিয়োগবিধি অনুযায়ী চাকুরী স্থায়ীকরণের ক্ষেত্রে নির্ধারিত শর্তাবলী প্রযোজ্য হবে;
- (গ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ;
- (ঘ) চাকুরীতে যোগদানকালে তাঁর যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঞ্জীকার নামা (বস্ত্র) সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যের জন্য যৌতুক নিবেন না বা যৌতুক দিবেন না;
- (ঙ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে ; এবং
- (চ) চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।
- ০৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোঃ নাসির উদ্দিন)
সহকারী সচিব
ফোন : ৯৫১ ৫৫ ৯০
sastextile1@gmail.com

নং- ২৪.০০.০০০০.১১৫.১১.০০৮.১৪- ৫৪২

তারিখঃ ২৯ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০২। পরিচালক, বস্ত্র পরিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা (প্রার্থীর ছবি ও সংশ্লিষ্ট কাগজ-পত্রাদি এতদসাথে সংযোজন পূর্বক প্রেরণ করা হলো, যা যোগদানপত্রের সাথে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো)।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৭। জনাব হরশংকর রায়, পিতা- কৃষ্ণ কান্ত রায়, গ্রাম-আওলাখুড়ি, ডাকঘর-গোলাপগঞ্জ, থানা/উপজেলা-বীরগঞ্জ, জেলা-দিনাজপুর।
- ০৮। অফিস কপি।
- ০৯। ব্যক্তিগত নথি।

নাসির উদ্দিন
(মোঃ নাসির উদ্দিন)
সহকারী সচিব